

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

০৬ ভাদ্র ১৪২১

স্মারক নম্বর:-০৪.৫১২.০৮২.০০.০০.০০২.২০১০-২২৩

তারিখ :-----


২১ আগস্ট ২০১৪

বিষয়: জেলা পর্যায়ে অনুষ্ঠিত গুরুত্বপূর্ণ সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা প্রেরণ।

সূত্র: (ক) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: (১) সিডি/ডিএ/১(৩)/৭৬-১৫৪(১০০০) তারিখ: ১৩.৪.১৯৮২
(২) সিডি/ডিএ-৪/৩(৬৫)/৮৩-৮৬/১০৫১ তারিখ: ০১.১১.১৯৮৬
(৩) মপবি/মাপ্রস/২(৩০)/৮৯-২০০৯/১২৫ তারিখ: ২৫.৫.২০০৯
(৪) ০৪.৫১২.০৮২.০০.০০.০০২.২০১০-১৮০ তারিখ: ১৮.৭.২০১২
(৫) ০৪.৫১২.০৮২.০০.০০.০৪৬.২০১৩-৩১৪ তারিখ: ২৪.১২.২০১৩
(খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নম্বর: ০৩.০৭১.০০৬.১৩.০০.০০১.২০১২-১৪৫(১১০) তারিখ: ২৬.৬.২০১২

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লিখিত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভাসমূহ, বিশেষ করে জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, জেলা আইন-শৃঙ্খলা কমিটি, জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, আইন-শৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটি এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ সংক্রান্ত টাস্কফোর্স সভায় বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও কার্যকর ব্যবস্থা নেওয়ার লক্ষ্যে জেলা পর্যায়ের দপ্তর/সংস্থার প্রধানগণের উপস্থিত থাকার নির্দেশনা রয়েছে। উল্লিখিত কোন কোন কমিটির সভায় সংশ্লিষ্ট সদস্যের অনুপস্থিতি অথবা নিম্নতর পর্যায়ে কর্মকর্তার প্রতিনিধিত্ব উক্ত সভাসমূহের গুরুত্ব ও কার্যকারিতা হ্রাস করে। এ সকল সভায় সংশ্লিষ্ট সদস্যের অনুপস্থিতি জনস্বার্থে গৃহীত সরকারের বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নে সমস্যার সৃষ্টি করছে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, জেলা পর্যায়ে জেলা প্রশাসকদের সভাপতিত্বে অনুষ্ঠিত গুরুত্বপূর্ণ কমিটিসমূহের সভাগুলিতে সংশ্লিষ্ট সদস্যের উপস্থিতি পরিবীক্ষণের সুবিধার্থে সভাসমূহের কার্যবিবরণীর সঙ্গে পরিশিষ্ট আকারে (১) সভায় উপস্থিত সদস্যবৃন্দ, (২) উপস্থিত প্রতিনিধিবৃন্দ, (৩) অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতিক্রমে) এবং (৪) অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতি ব্যতীত)-এর তালিকা জেলা প্রশাসকগণ বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ করবেন। বিভাগীয় কমিশনারগণ বিষয়টি পর্যালোচনাপূর্বক তাদের মতামত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন।


(মোঃ মাকসুদুর রহমান পাটওয়ারী)
যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন)
ফোন- ৯৫৭৩৮৩৩
email: js_dfa@cabinet.gov.bd

১। বিভাগীয় কমিশনার----- (সকল)
২। জেলা প্রশাসক ----- (সকল)

অনুলিপি:

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব,----- মন্ত্রণালয়/বিভাগ
৩। অফিস/মাস্টার কপি।